

শ্রীশ্রীহরি সঙ্গীত

২৩

- ৩। কি কব সেই রূপের কথা, দেখলে পতি ছাড়ে পতিব্রতা
খেয়ে ধর্মের মাথা।
শ্রীচরণে নোয়ায় মাথা, তারা ত্যজিয়া বেদ বিধি।
- ৪। হেরিয়া তার মুখশশী, যোগ ভুলে যায় যোগী ঋষি
পদে লোটায় আসি।
বলে গৌসাই রাখ দাসী, মোদের ছ'জন ভজন বাদী।
- ৫। বলে গৌসাই মহানন্দ এবার যুচল জীবের চিত্তসন্দ
গেল সাধন দ্বন্দ।
অশ্বিনী তুই আজ্ঞানাক্ষ, গুরুর চরণে হও বন্দী।।

৩০ নং তাল-গড়খেমটা

- সাধ করে এই ভবে এসে হ'লিরে মায়ার মুটে।
*গুরুদত্ত পরমার্থ নিলরে তোর সব লুটে।।
- ১। মায়াবিনী পাতল মায়াজাল, থেকরে সামাল,
মায়াজালে বন্দী হলে ঘটবেরে জঞ্জাল।
যেমন মাকড়ের জালে মক্ষী বন্দী পড়ে শেষে সঙ্কটে।।
- ২। যদি মায়াজাল এড়াতে চাও, করে জ্ঞানের অসি লও,
গুরুপদে মন মজায়ে মহানন্দে রও।
শেষে যে ধন চাবি, সে ধন পাবি, থাকবিরে প্রেমের হাটে।।
- ৩। হবে দেহে *গুরুকৃপা বল, ছাড় মনের খল,
হরির নাম পুটলি কর পথেরই সম্বল।
ঘাটের ঘাট মাঝি সে হবে রাজি, পার করবে নিস্কপটে।।
- ৪। যদি মন কাটবি মায়াজোর, প্রেমানন্দে হও বিভোর,
*শ্রীগুরুর পাদপদ্ম ফুলে হওরে মন ভ্রমর।
শেষে প্রেমের মধু পান করিবি, লাগবেরে বড় মিঠে।।

* শ্রীগুরু-পূর্ণব্রহ্ম হরিচাঁদের পুত্র গুরুচাঁদ।